দৈনিক সংবাদ

তারিখ ... AUG. 0 1 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ১ ......

# পাকিস্তানের পাঠ্যপুস্তকে '৭১-এর মুক্তি সংগ্রামের যথাযথ ব্যাখ্যা নেই

(নিজস্ব বার্তা পরিবেশক)

পাকিস্তানের রাষ্ট্রীয় কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী সে দেশের অনেক পাঠ্যপুস্তকে ১৯৭১-এর বাংলাদেশের মুক্তি সংগ্রামের ইতিহাস যথাযথভাবে ব্যাখ্যা করা হয় না। সেদেশের অনেক পাঠ্য পুস্তকেই পাকিস্তান থেকে রক্তাক্ত সংগ্রামের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের উল্লেখমাত্র নেই। কোন কোন ক্ষেত্রে বাংলাদেশের সৃষ্টিকে শুধুমাত্র ষড়যন্ত্রের ফসল হিসেবে চিহ্নিত করা হয়। গতকাল উইম্যান ভলান্টারি এসোসিয়েশন মিলনায়তনে 'বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং পাকিস্তানি ঐতিহাসিক' শীর্ষক এক সেমিনারে মূল প্রবন্ধে একথা বলেন আমেরিকান ইন্সটি-টিউট অফ বাংলাদেশ স্টাডিজের গবেষণা ফেলো এবং সফররত মার্কিন গবেষক ইয়েভেত মি রোজার।

সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ, বাংলাদেশ (সিডিআরবি), আমেরিকান ইন্সটিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ (এআইবিএস) ও উইম্যান ভলান্টারি এসেসিয়েশন যৌথভাবে এই সেমিনারের আয়োজন করে। সেমিনারে সভাপতিত্ব করেন সিডিআরবি'র চেয়ারম্যান ডঃ মিজানুর রহমান শেলী। সেমিনারে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক আনিসুজ্জামান এবং ইতিহাস বিভাগের অধ্যাপক কে এম মোহসীন। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন সিডিআরবি'র পরিচালক মোহাম্মদ এনায়েত করিম।